



**পাবনা ক্যাডেট কলেজ
দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি**

০১।	মন্ত্রণালয়	প্রতিরক্ষা মন্ত্রণালয়।		
০২।	বাস্তবায়নকারী সংস্থা	পাবনা ক্যাডেট কলেজ।		
০৩।	সংগ্রহ পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (সিলমোহরকৃত খামে আইটেম অনুযায়ী দর উদ্ধৃতির ভিত্তিতে গ্রুপ ভিত্তিক দরপত্র আহ্বান)।		
০৪।	অর্ধের উৎস	কলেজের পাবলিক ফান্ড।		
০৫।	দরপত্র বিজ্ঞপ্তি নং	০২/২০২১-২০২২।		
০৬।	দরপত্র সিডিউল বিক্রয় এবং দাখিল অফিসের নাম ও ঠিকানা	পাবনা ক্যাডেট কলেজ, পাবনা। রূপালী ব্যাংক লিঃ, প্রধান শাখা, পাবনা।		
০৭।	দরপত্র/সিডিউল বিক্রয়ের তারিখ	১৫ নভেম্বর ২০২১ থেকে ২৮ নভেম্বর ২০২১ (অফিস চলাকালীন ০৮০০-১৪০০ ঘটিকা) তারিখ পর্যন্ত। উল্লেখ্য যে, দরপত্র সিডিউল ক্রয়ের দিনই কেউ ইচ্ছা করলে সিডিউল জমা দিতে পারবে।		
০৮।	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	২৯ নভেম্বর ২০২১ তারিখ ১৩০০ ঘটিকা।		
০৯।	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	৩০ নভেম্বর ২০২১ তারিখে ১২০০ ঘটিকায়, পাবনা ক্যাডেট কলেজ।		
১০।	দরপত্র জামানত/বায়নার টাকার ধরণ	অধ্যক্ষের অনুকূলে রূপালী ব্যাংক লিমিটেড, ক্যাডেট কলেজ শাখা, পাবনা বরাবর ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে।		
১১।	কার্য সম্পাদনের মেয়াদকাল	দরপত্র সিডিউল অনুযায়ী।		
১২।	কার্যসম্পাদন জামানত	চুক্তিমূল্যের ১০%।		
১৩।	দরপত্রদাতাদের যোগ্যতা	The public procurement regulation ২০০৮ অনুযায়ী সকল বৈধ ঠিকাদার।		
১৪।	প্রয়োজনীয় কাগজপত্র	ট্রেড লাইসেন্স (হালনাগাদ), ব্যাংক সলভেন্সি সনদ, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, আয়কর ও ভ্যাট সনদপত্র, বিগত ০৬ (ছয়) মাসের ব্যাংক স্টেটমেন্টের সত্যায়িত ফটোকপি, প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট কর্তৃক এফিডেভিট (ব্যবসায় অংশীদার সম্পর্কিত), কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে দ্রব্য সামগ্রী সরবরাহ বা কাজ করেছেন এই মর্মে সন্তোষজনক অভিজ্ঞতার সনদপত্র, ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সিডিউল ক্রয়ের সত্যায়িত রশিদ দরপত্রের সাথে দাখিল করতে হবে।		
	গ্রুপ নং	কাজের নাম	প্রতিসেট সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	দরপত্র জামানত/বায়না (ফেরত/ সমন্বয়যোগ্য)
১৫।	ক।	শিক্ষা ভবনের জলছাদ স্থাপন (৮৬৫০ বর্গফুট)	১০০০/-	৬০০০০/-
	খ।	ক্যাডেটদের খেলার মাঠে মাটি ভরাট কাজ	৫০০/-	৫০০০০/-
	গ।	কর্মচারীদের বাসভবনে ৪১টি রান্নাঘর টাইলসকরণ (প্রতিটি ২৩২ বর্গফুট)	৫০০/-	৫০০০০/-
	ঘ।	অস্থায়ী হাসপাতালে ফ্লস সিলিং, টাইলস স্থাপন ও অন্যান্য মেরামত কাজ	৫০০/-	২৫০০০/-
	ঙ।	১টি আবাসিক ভবনে জলছাদ স্থাপন (৭১৫০ বর্গফুট)	৫০০/-	২৫০০০/-
	চ।	অস্থায়ী ব্যাচেলর সেড নির্মাণ	৫০০/-	২৫০০০/-
	ছ।	শহীদ মিনার নির্মাণ	৫০০/-	১০০০০/-

বিশেষ নির্দেশনা :

- ১) দরদাতাগণ The public procurement regulation ২০০৮ এর বিধি বিধান মানতে বাধ্য থাকবেন।
- ২) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নয়।
- ৩) এই বিজ্ঞপ্তির মাধ্যমে আহ্বানকৃত সরবরাহের ক্ষেত্রে আলাদাভাবে গ্রুপ ভিত্তিক দরপত্র প্রস্তাব দাখিল করবেন।
- ৪) প্রত্যেক সরবরাহের ক্ষেত্রে প্রাপ্ত দরপত্রসমূহ আলাদা আলাদা ভাবে মূল্যায়ন এবং সফল দরদাতা নির্বাচন করা হবে।
- ৫) আগ্রহী দরদাতাগণ এ বিষয়ে কোনো তথ্য জানার থাকলে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর থেকে জানতে পারবেন।
- ৬) দরপত্র সিডিউল ক্রয়ের জন্য হালনাগাদ ট্রেড লাইসেন্স ও সিডিউল মূল্য নগদ জমা করে নিজস্ব প্যাডে আবেদন করতে পারবেন। প্রতিনিধি মারফত সিডিউল ক্রয় ও দাখিল করা যাবে।
- ৭) সিডিউল ক্রয় ও জমাদান হাতে হাতে, ডাকযোগে ও কুরিয়ার সার্ভিসের মাধ্যমে করা যাবে, তবে তা নির্দিষ্ট সময়ের মধ্যে কলেজে পৌছাতে হবে।

অধ্যক্ষ
পাবনা ক্যাডেট কলেজ